অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/3/2019 গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

# গভর্নর কুওমো রচেস্টার ইনসুলেটেড গ্লাসের (ROCHESTER INSULATED GLASS, RIG) মুখ্য কার্যালয়, অন্টারিও কাউন্টিতে সম্প্রসারণের কথা ঘোষণা করেছেন

## *গ্লাস ফেব্রিকেটরের প্রথম পর্যায়ের বৃদ্ধি প্রায় 50টি নতুন কর্মসংস্থান তৈরি করবে*

## *"ফিঙ্গার লেকস ফরোয়ার্ড (Finger Lakes Forward)" সম্পূরক বিনিয়োগ - কমিউনিটিসমূহকে পুনরুজ্জীবিত করার এবং অর্থনীতিকে শক্তিশালী করার লক্ষ্যে এই অঞ্চলের সার্বিক কৌশল*

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে রচেস্টার ইনসুলেটেড গ্লাস, অন্টারিও কাউন্টির ম্যানচেস্টার শহরে, তার মুখ্য কার্যালয়ের দুই-পর্যায়ের সম্প্রসারণের একটি সম্পূর্ণ করেছে। সম্প্রসারণের অংশ হিসাবে, গ্লাস ফেব্রিকেশন কোম্পানিটি কমপক্ষে 47টি নতুন কর্মসংস্থান সৃষ্টি করার প্রতিশ্রুতি দিয়েছে, এবং 46টি নতুন পদ পূরণে সফল হয়েছে। সেইসাথে, স্টেটের সহযোগিতায়, কোম্পানিটি মেরিক সার্কেল স্থানে 56টি চাকরি যাওয়ার ঝুঁকিযুক্ত (অ্যাট রিস্ক) কর্মসংস্থান রাখতে সম্মত হয়েছে। প্রকল্পটির দ্বিতীয় পর্যায় 2019 সালের মার্চে সম্পূর্ণ হবে বলে আশা করা হচ্ছে। সফল কোম্পানিগুলিতে বিনিয়োগ ফিঙ্গার লেকস ফরোয়ার্ড (Finger Lakes Forward) এর কৌশলটিকে সহায়তা করে যা আঞ্চলিক অর্থনীতিকে সহায়তা করার মাধ্যমে সম্প্রদায়গুলিকে পুনরুজ্জীবিত করতে কাজ করছে।

"বিচক্ষণ বিনিয়োগ এবং কৌশলগত অংশীদারীত্বের মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেট কর্মসংস্থান সৃষ্টিতে উৎসাহ প্রদান করছে এবং স্টেটের প্রতি কোণায় স্থানীয় অর্থনীতিকে উজ্জীবিত করছে", **গভর্নর কুওমো বলেন।** "রচেস্টার ইনসুলেটেড গ্লাসের মত কোম্পানিগুলির সাথে কাজ করা স্টেটের কর্মঠ পুরুষ ও মহিলাদের জন্য কর্মসংস্থান তৈরি করতে এবং তা বজায় রাখতে আমাদের সহায়তা করবে এবং সমগ্র অঞ্চলে ব্যবসার উন্নতি ত্বরান্বিত করবে।"

"রচেস্টার ইনসুলেটেড গ্লাসের সম্প্রসারণ এলাকায় উৎপাদন শিল্পের বৃদ্ধি অব্যাহত রাখবে এবং নতুন কর্মসংস্থান সৃষ্টি করবে", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "স্টেটের এই বিনিয়োগের মাধ্যমে, পরিবারের মালিকানাধীন গ্লাস ফেব্রিকেশন কোম্পানি অন্টারিও কাউন্টিতে নতুন সুযোগ প্রদান করছেন এবং নিউ ইয়র্কে সৃজনশীল পণ্যগুলির উৎপাদন অব্যাহত রাখবে। ফিঙ্গার লেকস ফরোয়ার্ড (Finger Lakes Forward) এবং অর্থনীতির উন্নয়ন অব্যাহত রাখতে আমরা RIG এর মতো কোম্পানিগুলিতে বিনিয়োগ করতে অঙ্গীকারবদ্ধ।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) এর প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হাওয়ার্ড যেমস্কি বলেন,** "উচ্চ মানের গ্লাস ফেব্রিকেশনে একটি অগ্রগণ্য সংস্থা, রচেস্টার ইনসুলেটেড গ্লাস হল একটি তৃতীয় প্রজন্মের, পরিবারের মালিকানাধীন কোম্পানি, যা ফিঙ্গার লেকস

অঞ্চলের একটি গুরুত্বপূর্ণ অংশ। RIG এবং নিউ ইয়র্ক স্টেটে তাদের উচ্চ গুণমানের পণ্য উৎপাদনের লক্ষ্যতে সহায়তা করতে পেরে আমরা গর্বিত।"

প্রতিযোগিতায় টিকে থাকতে, প্রকল্পটি অত্যাধুনিক যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্রয় করছে যা কোম্পানিকে সফল হতে সহায়তা করবে। সম্প্রসারণটিতে সহায়তা করতে, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট একটি 100,000 মার্কিন ডলারের অর্থনৈতিক উন্নয়ন তহবিলের মূলধনী অনুদান, সেইসাথে প্রতিশ্রুত কর্মসংস্থান সৃষ্টির অঙ্গীকারের বিনিময়ে এক্সেলসিওর ট্যাক্স ক্রেডিট প্রোগ্রামের মাধ্যমে 600,000 মার্কিন ডলার পর্যন্ত প্রদান করছে। প্রকল্পের মোট ব্যয় 3.35 মিলিয়ন মার্কিন ডলার।

**টাইলার ওক, রচেস্টার ইনসুলেটেড গ্লাসের প্রেসিডেন্ট বলেছেন,** "আমাদের কোম্পানির জন্য নিউ ইয়র্ক স্টেটের সহায়তা সত্যিই উৎসাহদায়ক। এখন 40 বছরেরও বেশি সময় ধরে আমরা সহায়তা পেয়ে আসছি সেইসাথে আমাদের অসামান্য কর্মচারীবৃন্দ যারা এই সম্প্রদায়ের প্রস্তাব করার আছে, কর্মক্ষেত্র এমন অসাধারণ নৈতিকতার উদাহরণ রেখেছে।"

দ্যা নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (New York Power Authority, NYPA), গভর্নর কুওমোর ReCharge NY প্রোগ্রাম থেকে কম দামে 2 মেগাওয়াটের বেশি বিদ্যুৎ সরবরাহ করে সহায়তা করছে, যা নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থান বজায় রাখা বা কর্মসংস্থান সৃষ্টির জন্য অঙ্গীকারের বিনিময়ে যোগ্য ব্যবসায়িক প্রতিষ্ঠান ও অমুনাফাভোগী প্রতিষ্ঠানগুলিকে কম-দামের NYPA বিদ্যুতের যোগান দিচ্ছে।

"রচেস্টার ইনসুলেটেড গ্লাসের রচেস্টারে থাকা এবং সম্প্রসারণের সিদ্ধান্ত ফিঙ্গার লেকস অঞ্চলের জন্য দারুণ খবর", **গিল কিনিওনেস, NYPA এর প্রেসিডেন্ট ও সিইও, বলেছেন।** "গভর্নরের ReCharge NY প্রোগ্রাম সমগ্র স্টেটে প্রায় 380,000 কর্মসংস্থানে সহায়তা করছে এবং নিউ ইয়র্কে অর্থনৈতিক উন্নয়ন ও তার স্থায়ীত্ব বজায় রাখতে NYPA তার কম-দামের জলবিদ্যুৎ সরবরাহ করতে পেরে গর্বিত।"

রচেস্টার ইনসুলেটেড গ্লাস, আইএনসি. (RIG) 1972 সালে স্ট্যানলি এবং রিচার্ড ওক দ্বারা স্থাপিত একটি সৃজনশীল গ্লাস ফেব্রিকেটর। ব্যবসা শুরুর সময় থেকে, স্থাপত্যবিষয়ক সমতল কাঁচের শিল্পের পণ্যগুলির সৃজনশীলতা এবং উৎপাদন সমাধানের জন্য RIG প্রথম সারিতে আছে। তৃতীয়-প্রজন্মের পরিবারের মালিকানাধীন এবং পরিচালিত ব্যবসাটি, উত্তর আমেরিকা এবং বিশ্বব্যাপী পরিষেবা প্রদান করে। RIG-র পণ্য অন্যান্য অনেকের মধ্যে সায়রাকুয়াসে নায়াগ্রা মোহাক বিল্ডিংয়ের (Niagara Mohawk Building) সংস্কার, ওয়াশিংটন, ডি.সি.তে জন এফ. কেনেডি সেন্টার (John F. Kennedy Center) এবং ক্যালগেরি আন্তর্জাতিক বিমানবন্দর (Calgary International Airport) সহ, বিভিন্ন বৃহৎ উন্নয়নের প্রকল্পগুলিতে ব্যবহৃত হয়েছে।

**সিনেটর পাম হেলমিং বলেছেন,** "আজকের ঘোষণা আমাদের অঞ্চলের জন্য আকর্ষণীয় খবর! রচেস্টার ইনসুলেটেড গ্লাসের ম্যাঞ্চেস্টারে সম্প্রসারণ আমাদের সম্প্রদায়ের জন্য একটি জয় এবং তা অর্থনৈতিক উন্নয়ন এবং কর্মসংস্থান সৃষ্টির উদ্যোগ অব্যাহত রাখতে সহায়তা করবে। একসাথে কাজ করে, আমরা আমাদের অর্থনীতিকে উন্নত করতে এবং স্থানীয় অধিবাসীদের জন্য নতুন কাজের সুযোগ তৈরি করতে পারব। কয়েক প্রজন্ম ধরে ওক পরিবার আমাদের অঞ্চলের প্রতি নিবেদিত এবং রচেস্টার ইনসুলেটেড গ্লাস হল একটি আদর্শ কর্পোরেট নাগরিক। তারা অত্যন্ত সৎভাবে তাদের ব্যবসা চালায়। স্টেট সিনেটর হিসাবে, নিউ ইয়র্কের প্রত্যন্ত অঞ্চলে নতুন কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি করতে আমি গভর্নর, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট, পরিচালকমন্ডলিতে আমার সহকর্মীবৃন্দ, এবং ম্যাঞ্চেস্টার সুপারভাইজার জেফ গালাহান এর মতো স্থানীয়

নেতাদের সাথে কাজ করা অব্যাহত রাখব। ব্যবসায়িক সম্প্রদায়ের সাথে একত্রে, আমরা রচেস্টার ইনসুলেটেড গ্লাসের মতো স্থানীয় ব্যবসাকে বড় করে তুলত, সফল হতে এবং স্থানীয় কর্মী ও তাদের পরিবারদের জন্য নতুন চাকরি তৈরি করার জন্য সহায়তা করতে উন্মুখ থাকব।"

**অন্টারিও কাউন্টি বোর্ড চেয়ারম্যান জ্যাক মারেন বলেছেন,** "RIG কে অন্টারিও কাউন্টির ম্যাঞ্চেস্টার গ্রামে তার সম্প্রসারণের সিদ্ধান্ত নিতে কৌশলগত সহায়তা প্রদানের জন্য আমি অন্টারিও কাউন্টির বোর্ড অফ সুপারভাইজার (Board of Supervisors, BOS) এর হয়ে গভর্নর কুওমো এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টকে ধন্যবাদ জানাই। RIG প্রক্রিয়াজাত কাঁচের পণ্যের একটি উচ্চমানের প্রস্তুতকর্তা। তারা বিশ্বব্যাপী বাণিজ্যিক প্রপার্টি ডেভেলপারদের সাথে কাজ করে। অন্টারিও কাউন্টিতে প্রস্তুত ব্যবসাযোগ্য পণ্য RIG তে ভালো চাকরি বজায় রাখতে সহায়তা করে এবং স্থানীয় অর্থনীতিতে অনেক প্রত্যক্ষ ও পরোক্ষ উপকারিতা আছে। সম্প্রসারণের সিদ্ধান্ত নেওয়ার জন্য এবং এই দারুণ কোম্পানিটির ভবিষ্যৎ সুরক্ষিত করার জন্য আমরা RIG কে অভিনন্দন জানাই।"

রোচেস্টার ইনসুলেটেড গ্লাস সম্পর্কে আরো তথ্যের জন্য, এখানে ক্লিক করুন।

**ফিঙ্গার লেকস ফরোয়ার্ডকে ত্বরান্বিত করা**

আজকের ঘোষণা "ফিঙ্গার লেকস ফরোয়ার্ড" এর সম্পূরক, এই এলাকায় ব্যপক অর্থনৈতিক এবং সামাজিক উন্নয়নের একটি সম্পূর্ণ ব্লুপ্রিন্ট। 2012 সাল থেকে স্টেট ইতিমধ্যে পরিকল্পনাটির বুনিয়াদ হিসেবে এই অঞ্চলে ফোটোনিকস, কৃষি ও খাদ্য উৎপাদন, এবং অগ্রসর উৎপাদন সহ মুখ্য শিল্পগুলিতে বিনিয়োগ করার মাধ্যমে 6.1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করেছে। বর্তমানে, মহা মন্দার (Great Recession) পর থেকে বেকারত্ব সবচেয়ে কম হয়েছে; ব্যক্তিগত এবং কর্পোরেট আয়কর কমেছে এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলি উন্নতি ও বিনিয়োগ করার জন্য রোচেস্টার, বাটাভিয়া এবং কানানডাইগুয়ার মতো জায়গা বেছে নিচ্ছে।

এখন, এই অঞ্চলটি ডিসেম্বর 2015 তে গভর্নর কুওমো দ্বারা ঘোষিত আপস্টেট রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের স্টেট বিনিয়োগের মাধ্যমে ফিঙ্গার লেকস ফরোয়ার্ডকে ত্বরান্বিত করছে। স্টেটের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য ব্যক্তিগত ব্যবসায়ীদের উদ্দীপনা দেবে - এবং এলাকার জমাকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 8,200 এরও নতুন বেশি কর্মসংস্থান তৈরি হবে। আরও তথ্য এখানে রয়েছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন